গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসার
শ্রীপুর, গাজীপুর।

এবং

জেলা প্রশাসক, গাজীপুর - এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই, ২০২২ - ৩০ জুন, ২০২৩

সূচিপত্রঃ-

ক্রঃ নং	বিষয়	পৃষ্ঠা
০১	উপক্রমণিকা	০৩
০২	কর্মসম্পাদনের সার্বিক চিত্র	০৪-০৫
০৩	সেকশন ১ : রুপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ, কার্যাবলী	০৬
০৪	সেকশন ২: কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	০৭
০৫	সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ	০৮-১৪
০৬	উপজেলা নির্বাহী অফিসার ও জেলা প্রশাসক মহোদয়ের স্বাক্ষর পত্র	১৫
০৭	সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)	১৬
০৮	সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ।	১৭-১৮
০৯	সংযোজনী ৩ : অন্য দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ	১৯

উপক্রমনিকা (Preamble)

সরকারী দপ্তরসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদারকরণ, সুশাসন সংহতকরণ এবং সরকার ঘোষিত মুজিববর্ষে সেবা প্রদানের প্রয়াস সামনে রেখে সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রুপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে

উপজেলা নির্বাহী অফিসার
শ্রীপুর, গাজীপুর।

ও

জেলা প্রশাসক
গাজীপুর।

এর মধ্যে ২০২২ সালের জুলাই মাসের ০১ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়ে সম্মত হলেন:

উপজেলা প্রশাসন, শ্রীপুর এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সাম্প্রতিক বছরের (বিগত ৩ বছর) প্রধান অর্জনসমূহ

মুজিববর্ষকে সামনে রেখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশকে ২০২২ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ, ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে পরিণত করার লক্ষ্যে সরকার গৃহীত কার্যক্রমসমূহ মাঠপর্যায়ে বাস্তবায়নে শ্রীপুর উপজেলা প্রশাসন নিরলসভাবে কাজ করে যাচ্ছে । উপজেলার বিভিন্ন সরকারি ও বেসরকারি দপ্তরসমূহের কাজের সমন্বয় সাধন, আইনশৃঙ্খলা রক্ষা, ভূমি ব্যবস্থাপনা, দুর্যোগ মোকাবেলা, পাবলিক পরীক্ষা পরিচালনা, দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, সামাজিক নিরাপত্তা কার্যক্রম বাস্তবায়ন, তথ্য অধিকার আইনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ, পরিবেশ রক্ষা, ক্রীড়া ও সংস্কৃতি চর্চার ক্ষেত্রে উন্মুক্তকরণ, সমাজকল্যাণ, স্বাস্থ্য সেবার উন্নয়ন ও উন্নয়ন কর্মকান্ডসহ সর্বক্ষেত্রে উপজেলা প্রশাসন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। শ্রীপুর উপজেলা বিগত বছরের জনবান্ধব জনসম্পৃক্ত, উন্নয়নমুখী এবং শতভাগ গতিশীল একটি প্রশাসনিক কাঠামোতে উন্নীত হয়েছে। শতভাগ মাল্টিমিডিয়া ক্লাশ নিশ্চিত করা হয়েছে। প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের পুষ্টি চাহিদা নিশ্চিত করণ ও বিদ্যালয়ে শিশুদের উপস্থিতি নিশ্চিত করার জন্য শতভাগ প্রাথমিক বিদ্যালয়ে মিড-ডে মিল কার্যক্রম এর আওতায় স্কুল ফিডিং চালু করা হয়েছে। ছাত্র-ছাত্রীদের মধ্যে নৈতিকতা শিক্ষা দেওয়ার জন্য সততা স্টোর, লস এন্ড ফাউন্ড বক্স চালু করা হয়েছে। নিয়মিত আইনশৃঙ্খলা কমিটির সভা, সন্ত্রাস নাশকতা প্রতিরোধ কমিটির সভা ও নারী নির্যাতন প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত হচ্ছে যাতে করে আইনশৃঙ্খলা পরিস্থিতি ভাল রাখা যায়। গণশুনানীর মাধ্যমে জনগণের সুবিধা-অসুবিধার কথা শুনে একটি বাস্তবমুখী ও প্রয়োজনীয় সেবা নিশ্চিত করার পদক্ষেপ নেয়া হচ্ছে। আধুনিক তথ্য প্রযুক্তির সুযোগ যাতে সকলে গ্রহণ করতে পারে সেজন্য ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্রগুলোর সেবার মানবৃদ্ধির পাশাপাশি উপজেলা ডিজিটাল সেন্টার গঠন করা হয়েছে। সেবা প্রত্যাশিদের বিশ্রাম নেয়ার সুব্যবস্থা করা হয়েছে। অনাবাদী জমি আবাদের আওতায় আনা হয়েছে। প্রতিটি গ্রামকে সবজি গ্রামে উন্নীত করা হয়েছে। জনগণের সেবা সহজীকরণের লক্ষ্যে উপজেলা প্রশাসন কর্তৃক হেল্পডেস্ক স্থাপনের মাধ্যমে সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সেবা প্রদান সহজীকরনের জন্য নাগরিক সনদ/সিটিজেন চার্টার প্রণয়ন করা হয়েছে। সকল মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের শিক্ষক বাতায়নের আওতায় এনে তাদের ডাটাবেজ তৈরি করা হয়েছে। শেখ রাসেল ডিজিটাল ল্যাব চালুর মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে তথ্যপ্রযুক্তিগত জ্ঞান অর্জনের সুযোগ করে দেওয়া হয়েছে। প্রতিবছর বিজ্ঞানমেলা ও বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজন করে শিক্ষার্থীদের বিজ্ঞান শিক্ষায় উদ্বুদ্ধ করা হচ্ছে। উপজেলা প্রশাসনের ফেসবুক পেইজের মাধ্যমে ও এসএমএস নোটিফিকেশন এর মাধ্যমে প্রশাসন সংশ্লিষ্ট বার্তা প্রদানের ব্যবস্থা করা হয়েছে। ই-নথি কার্যক্রমের মাধ্যমে নথি ব্যবস্থাপনায় আধুনিকায়ন করা হয়েছে ।

চ্যালেঞ্জ সমূহ

- কোভিড-১৯ তথা অন্যান্য মহামারী মোকাবেলায় জনসচেতনতা তৈরি করা।
- নিরবচ্ছিন্ন ও কাঙ্খিত মাত্রার শক্তিশালী ইন্টারনেট সংযোগ না পাওয়া।
- দাপ্তরিক ই-ফাইলিং কার্যক্রম শতভাগ নিশ্চিত করা ।
- বিভিন্ন প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের অনেক ভবন জরাজীর্ণ হয়ে ব্যবহার অনুপোযোগীতা
- গ্রামীণ যোগাযোগ অবকাঠামো রক্ষা।
- শ্রীপুর উপজেলার প্রতিটি ইউনিয়ন ভূমি অফিস ও সকল শিক্ষা প্রতিষ্ঠানে সোলার প্যানেল স্থাপন ও গুরুত্বপূর্ণ স্থানসমূহে সুপেয় পানির ব্যবস্থা করার জন্য গভীর নলকুপ স্থাপন।
- শিল্প কারখানায় কর্মরত সকল কর্মচারীর জীবন মান ও শিল্প এলাকার পরিবেশ উন্নয়ন।
- শ্রীপুর উপজেলার বনভূমি সংরক্ষণ করা।
- উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানকে উন্নয়নের মাধ্যমে সারা দেশের মডেল হিসেবে প্রতিষ্ঠা।
- কীটনাশক ও রাসায়নিক সারমুক্ত সবজি উৎপাদনে উপজেলা পরিষদ হতে সহায়তা প্রদান।

২০২২-২০২৩ অর্থ বছরের সম্ভাব্য অর্জনসমুহ

- **২০২২-২৩ অর্থ বছরের সম্ভাব্য অর্জনসমুহ**
- করোনা মোকাবেলা ও সেবা প্রদানের সকল ক্ষেত্রে স্বাস্থ্যবিধি অনুসরণ করা।
- এসডিজি ২০৩০ এর কাঙ্খিত লক্ষ্য অর্জন এবং সূচকভিত্তিক লক্ষ্যমাত্রা অর্জন।
- মুজিববর্ষের প্রতিশ্রুত সেবা প্রদান।
- সামাজিক নিরাপত্তামুলক কর্মসূচীর যথাযথ বাস্তবায়ন জোরদার করণ।
- জুয়া, মাদক, বাল্যবিবাহ, যৌনহয়রানী, সন্ত্রাস, জঙ্গীবাদ, ইত্যাদি সামাজিক সমস্যা প্রতিরোধ কার্যক্রম জোরদারকরণ ও নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা।
- সামাজিক নিরাপত্তামুলক কর্মসূচীর যথাযথ বাস্তবায়ন জোরদার করণ।
- জাতীয় শুদ্ধাচার কৌশল অনুসরণ করে কর্মকর্তা কর্মচারীদের মধ্যে পর্যাপ্ত প্রশিক্ষণের ব্যবস্থা নিশ্চিত করা।
- বাল্যবিবাহ প্রতিরোধে শিক্ষা প্রতিষ্ঠানে মা সমাবেশ, অভিভাবক সমাবেশ, নিয়মিত ক্লাসে বাল্যবিবাহের কুফল নিয়ে ব্রিফিং এবং ধর্মীয় প্রতিষ্ঠানে এ বিষয়ে জনগণকে সচেতন করার লক্ষ্যে নিয়মিত আলোচনার ব্যবস্থা নিশ্চিত করা।
- খাস জমি ও অর্পিত সম্পত্তির তালিকা কম্পিউটারভুক্তকরণসহ রাজস্ব ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে পরিচালনা।
- সেবা প্রত্যাশীদের সন্তুষ্টি অর্জন এবং এ বিষয়ে পরিবীক্ষন কার্যক্রম পরিচালনা
- উপজেলার প্রতিটি ইউনিয়নে সমন্বিত উন্নয়ন উদ্যোগ বাস্তবায়নের মাধ্যমে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, পরিকল্পিত পরিবার গঠন, শতভাগ শিশুদের টিকাদান কর্মসূচীর আওতায় আনা ইত্যাদি কার্যক্রম আরো কার্যকরভাবে মনিটরিং ও বাস্তবায়ন নিশ্চিত করা।
- বিভিন্ন উন্নয়ন মূলক কাযক্রম পর্যবেক্ষণ ও পরিদর্শন পূর্বক কাজের গুণগত মান নিশ্চিতকরণ।
- উদ্ভাবন কাজে উৎসাহ প্রদানের উদ্দেশ্যে সেরা উদ্ভাবককে উপজেলা পর্যায়ে সম্মাননা প্রদান।

ভবিষ্যত পরিকল্পনাঃ

শ্রীপুর উপজেলাকে মডেল উপজেলায় রুপান্তরিত করার প্রয়াসে তথ্য প্রযুক্তি জ্ঞান সম্পন্ন জনবল তৈরী। সেবা সহজীকরণ, হয়রানীমুক্ত যুগোপযোগী ব্যবস্থাপনার উন্নীতকরণ। সরকারের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে পরিণত করার লক্ষ্যে সরকার গৃহীত কার্যক্রমসমূহ মাঠপর্যায়ে বাস্তবায়ন, ৭ম পঞ্চবার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং টেকসই উন্নয়নমূলক (SDG) বাস্তবায়নে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান ও আন্ত:বিভাগীয় সমন্বয় সাধন।

সেকশন-১

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

১.১ রূপকল্প:

দক্ষ, সেবামুখী ও মানসম্মত জনমুখী প্রশাসন ।

১.২ অভিলক্ষ্য :

তথ্যপ্রযুক্তির ব্যবহার, উদ্ভাবনচর্চা ও প্রশাসনিক সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে একটি দক্ষ, সেবামুখী ও মানসম্মত এবং সময়োপযোগী জনমুখী প্রশাসন গড়ে তোলা।

১.৩.১ কৌশলগত উদ্দেশ্যসমূহ :

১) উপজেলা পর্যায়ে সরকারি ও বেসরকারি সকল উন্নয়নমূলক কার্যক্রম সমূহের কার্যকর সমন্বয়সাধন এবং সামাজিক নিরাপত্তামূলক কার্যক্রম বাস্তবায়ন জোরদারকরণ।
২) দুর্যোগ ব্যবস্থাপনা, বনায়ন, জলবায়ু পরিবর্তন ও পরিবেশ সংরক্ষণসহ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন ত্বরান্বিতকরণ
৩) রাজস্ব ও প্রশাসন ব্যবস্থাপনায় গতিশীলতা আনয়ন
৪) আইন-শৃঙ্খলা ও জননিরাপত্তা সংহতকরণ
৫) জনসচেতনতামূলক কার্যক্রমের মাধ্যমে জনউদ্বুদ্ধকরণ জোরদারকরণ
৬) মানসম্মত শিক্ষা ব্যবস্থাপনা ও ডিজিটাল প্রযুক্তির ব্যবহার
৭) মানবসম্পদ উন্নয়ন ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ
৮) জাতীয় দিবস উদযাপন, ক্রীড়া, সংস্কৃতি ও নারী উন্নয়ন ত্বরানিতকরণ
৯) স্থানীয় সরকার ব্যবস্থা শক্তিশালীকরণ
১০) পর্যটন শিল্পের বিকাশ, ক্ষুদ্র নৃতাত্ত্বিক জনগোষ্ঠী ও স্থানীয় জনগণের জীবন মান উন্নয়ন
১১) সন্ত্রাস, নাশকতা, জঙ্গীবাদ ও মাদকমুক্ত সমাজ গঠন ও বাল্যবিবাহ রোধে সচেতনতা মূলক কার্যক্রম

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য:

১) দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিতকরণ
২) কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
৩) আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

১.৪ কার্যাবলী:

১) উপজেলার উন্নয়ন কর্মকান্ডের সমন্বয় এবং মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পসমূহসহ উপজেলার বিভিন্ন বিভাগের প্রধান কর্মকান্ড বাস্তবায়নে সমন্বয়কারীর দায়িত্ব পালন।
২) সরকার কর্তৃক গৃহীত সকল নীতিমালা ও কর্মসূচীর সুষ্ঠু বাস্তবায়ন, তত্ত্বাবধান, পরিবীক্ষন ও সমন্বয় সাধন।
৩) দুর্যোগ ব্যবস্থাপনা এবং ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম গ্রহণ, জিআর, টিআর, কাবিখা, কাবিটা, ভিজিডি, ভিজিএফ, অতি দরিদ্রদের জন্য কর্মসৃজন ইত্যাদি কার্যক্রম বাস্তাবয়ন, তত্ত্বাবধান ও পরিবীক্ষন।
৪) ভূ-প্রকৃতিক বৈশিষ্ট্যসমূহ সংরক্ষনসহ পরিবেশ দূষণের ফলে সৃষ্ট জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাব মোকাবেলায় জনসচেতনতা সৃষ্টি, বনায়ন বিভিন্ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে সার্বিক সহায়তা করা এবং সার্বিক সমন্বয় সাধন ও পরিবীক্ষন
৫) সামাজিক নিরাপত্তা ও দারিদ্র বিমোচনে বিভিন্ন কর্মসূচী, আমার বাড়ী আমার খামারসহ বিভিন্ন প্রকল্প বাস্তবায়নে সার্বিক সহায়তা প্রদান ও কার্যকর সমন্বয়সাধন।
৬) ভিক্ষুক পুনর্বাসন সংক্রান্ত বিভিন্ন কর্মসূচী গ্রহণ বাস্তবায়ন ও পরিবীক্ষন।
৭) বিভিন্ন সামাজিক সমস্যা যেমন নারী নির্যাতন, বাল্য বিবাহ, যৌতুক গ্রহণ ইত্যাদি প্রতিরোধে ও নিয়ন্ত্রণে কার্যক্রম গ্রহণ।
৮) এনজিওদের কার্যক্রমের সমন্বয় সাধন।
৯) সরাসরি জনগণকে সেবা প্রদানের লক্ষ্যে গণশুনানি গ্রহণ এবং সমস্যার সমাধান।
১০) প্রবাসীদের ডাটাবেস প্রস্তুত, বিদেশগামী ব্যক্তিদের প্রতারণা ও হয়রানি প্রতিরোধ এবং মানব পাচার রোধে সচেতনতা বৃদ্ধিসহ প্রবাসী কল্যাণে যাবতীয় কার্যক্রম গ্রহণ।
১১) সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদকের বিরুদ্ধে কার্যকরী জনসচেতনতা সৃষ্টি করা ও এ সংক্রান্ত কমিটিগুলো উজ্জীবিত করার মাধ্যমে এসব সমস্যা দূর করা।
১২) জাতীয় ই-ভর্নেন্স কার্যক্রম বাস্তবায়ন, সেবা পদ্ধতি সহজিকরণ, সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান, উপজেলা তথ্য বাতায়ন হালনাগদকরণ
১৩) সরাসরি জনগণকে সেবা প্রদানের লক্ষ্যে গণশুনানি গ্রহণ এবং সমস্যা সমাধান।
১৪) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাপনায় অভিযোগ নিষ্পত্তি।

সেকশন ২

কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators)	একক (Unit)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা ২০২২-২৩	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র (Source of Data)
			২০২০-২১	২০২১-২২		২০২৩-২০২৪	২০২৪-২৫		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
জনগণকে সেবা প্রদান	সমন্বয় সাধন	%	৯০	৯৩	৯৫	৯৯	১০০	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও অন্যান্য দপ্তর	Rules of Business ও Allocation of Business
	গণশুনানি	সংখ্যা	৪৮	৪৮	৪০	৪৮	৪৮	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়	
	হেল্পডেস্ক স্থাপন	সংখ্যা	০	১	১	১	১	সকল দপ্তর	
	সিটিজেন চার্টার প্রদর্শন	সংখ্যা	১	১	১	১	১	সকল দপ্তর	
	সভাকরণ	%	৯৮	৯৯	১০০	১০০	১০০	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও অন্যান্য দপ্তর	
	উন্নয়ন কার্যক্রম দর্শন	%	৭৫	৮০	৮৫	৯০	৯৫	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও অন্যান্য দপ্তর	

সেকশন ৩

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	গণনা পদ্ধতি (Calculation Method)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ (Target /Criteria Value for FY 2022-23)					প্রক্ষেপন (Projection) ২০২৩-২০২৪	প্রক্ষেপন (Projection) ২০২৪-২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
							২০২০-২১	২০২১-২২	১০০%	৯০ %	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
উপজেলা প্রশাসনের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[১] টেকসই উন্নয়নের লক্ষ্যে কার্যকর সমন্বয় সাধন	১৬	[১.১] উপজেলা পরিষদ মাসিক সভা অনুষ্ঠান	সভা অনুষ্ঠান	সমষ্টি	সংখ্যা	৩	১২	১২	১২	১১	১০	০৯	০৮	১২	১২
		[১.২] উপজেলা পরিষদ মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	সিদ্ধান্ত বাস্তবায়িত	গড়	%	২	৭০	৭০	৭০	৬৫	৬০	৫৫	৫০	৮০	৮৫
		[১.৩] বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম পরিদর্শন	পরিদর্শনকৃত প্রকল্প	সমষ্টি	সংখ্যা	২	৪৮	৪৮	৪৮	৪০	৩৫	৩০	২৫	৪৮	৪৮
		[১.৪] এনজিও কার্যক্রম সমন্বয় বিষয়ক সভা	সভা অনুষ্ঠান	সমষ্টি	সংখ্যা	২	১২	১২	১২	১১	১০	০৯	০৮	১২	১২
		[১.৫] এনজিও কার্যক্রম সমন্বয় বিষয়ক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	সিদ্ধান্ত বাস্তবায়িত	গড়	%	২	৮০	৮০	৮০	৭৫	৭০	৬৫	৬০	৮০	৮৫
		[১.৬] ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিদর্শন/দর্শন	পরিদর্শন/দর্শন	সমষ্টি	সংখ্যা	১	১২	১২	১২	১১	১০	০৯	০৮	১২	১২
		[১.৭] কৃষি ঋণ কমিটির মাসিক সভা	সভা অনুষ্ঠান	সমষ্টি	সংখ্যা	২	১২	১২	১২	১১	১০	০৯	০৮	১২	১২
		[১.৮] কৃষি ঋণ কমিটির মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	সিদ্ধান্ত বাস্তবায়িত	গড়	%	২	৮০	৮০	৮০	৭৫	৭০	৬৫	৬০	৮০	৮৫

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	গণনা পদ্ধতি (Calculation Method)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ (Target /Criteria Value for FY 2022-23)					প্রক্ষেপন (Projection) ২০২৩-২০২৪	প্রক্ষেপন (Projection) ২০২৪-২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
							২০২০-২১	২০২১-২২	১০০%	৯০ %	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
[২] দুর্যোগ ব্যবস্থাপনা ও সামাজিক নিরাপত্তামুলক কার্যক্রম বাস্তবায়ন	১৪	[২.১] ত্রাণ ও পুনর্বাসন এবং দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	সিদ্ধান্ত বাস্তবায়িত	গড়	%	২	৮০	৮০	৮০	৭৫	৭০	৬৫	৬০	৮৫	৯০
		[২.২] দুর্যোগ ক্ষতিগ্রস্ত এলাকা তাৎক্ষণিক পরিদর্শন/দর্শন	পরিদর্শন/ দর্শন	গড়	%	১	১০০	১০০	১০০	৯০	৮০	৭০	৬০	১০০	১০০
		[২.৩] জিআর প্রদান	প্রদানকৃত জিআর	গড়	%	১	১০০	১০০	১০০	৯০	৮০	৭০	৬০	১০০	১০০
		[২.৪] টেস্ট রিলিফ প্রদান	প্রদানকৃত রিলিফ	গড়	%	১	১০০	১০০	১০০	৯০	৮০	৭০	৬০	১০০	১০০
		[২.৫] গ্রামীণ অবকাঠামো নির্মার্ণের জন্য কাবিখা প্রকল্প বাস্তবায়ন	বাস্তবায়িত প্রকল্প	গড়	%	১	১০০	১০০	১০০	৯০	৮০	৭০	৬০	১০০	১০০
		[২.৬] গ্রামীন অবকাঠামো নির্মানের জন্য কাবিটা প্রকল্প বাস্তবায়ন	নির্মাণকৃত রাস্তা	ক্রমপুঞ্জিভূত	কি.মি.	১	৫৫	৬০	৬০	৫৫	৫০	৪৫	৪০	৬৫	৭০
		[২.৭] বৃক্ষরোপনের জন্য জনগণকে উদ্বুদ্ধকরণ মেলা আয়োজন	আয়োজিত মেলা	সমষ্টি	সংখ্যা	১	১	১	১	১	--	--	--	১	১
		[২.৮] সামাজিক বনায়নের জন্য বিভিন্ন প্রকার বৃক্ষের চারা বিতরণ	বিতরণকৃত চারা	সমষ্টি	সংখ্যা (হাজার)	২	১৫০	১৬০	১৬০	১৫০	১৪০	১৩০	১০০	১৭০	১৮০

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	গণনা পদ্ধতি (Calculation Method)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ (Target /Criteria Value for FY 2022-23)					প্রক্ষেপন (Projection) ২০২৩-২০২৪	প্রক্ষেপন (Projection) ২০২৪-২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
							২০২০-২১	২০২১-২২	১০০%	৯০ %	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
		[২.৯] সামাজিক নিরাপত্তা (ভাতা প্রদান) কার্যক্রম তদারকি	ভাতা বিতরণ কার্যক্রম তদারককৃত	গড়	%	২	১০০	১০০	১০০	৯০	৮০	৭০	৬০	১০০	১০০
[৩] ভূমি ব্যবস্থাপনায় গতিশীলতা আনয়ন	১১	[৩.১] উপজেলা ভূমি অফিস পরিদর্শন	পরিদর্শনকৃত অফিস	গড়	সংখ্যা	২	০৬	০৬	০৬	০৫	০৪	০৩	০২	০৬	০৬
		[৩.২] ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন	পরিদর্শনকৃত অফিস	গড়	সংখ্যা	৩	৪৮	৪৮	৪৮	৪০	৩৫	৩০	২৫	৪৮ -	৪৮ -
		[৩.৩] অকৃষি খাস জমি বন্দোবস্ত প্রস্তাব প্রদান	বন্দোবস্ত প্রদানকৃত জমি	সমষ্টি	একর	৩	.৬০	.৬০	২	১	০.৬	০.৫	০.৪	১	১
		[৩.৪] ১নং খতিয়ানভুক্ত সরকারি সম্পত্তির অবৈধ দখল উদ্ধার	উদ্ধারকৃত ভূমি	গড়	%	৩	২০	৩০	৬০	৫০	৪০	৩০	২০	৭৫	৯০
[৪] জনশৃঙ্খলা ও জননিরাপত্তা সংহতকরণ	১৫	[৫.১] উপজেলা আইন শৃঙ্খলা কমিটির সভা	সভা অনুষ্ঠান	সমষ্টি	সংখ্যা	৩	১২	১২	১২	১১	১০	০৯	০৮	১২	১২
		[৫.২] উপজেলা আইন শৃঙ্খলা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	সিদ্ধান্ত বাস্তবায়নের হার	গড়	%	২	৭০	৭৫	৮০	৭০	৬৫	৬০	৫৫	৮০	৮০
		[৫.৩] মোবাইল কোর্ট পরিচালনা	পরিচালিত মোবাইল কোর্ট	সমষ্টি	সংখ্যা	৩	৩৬	৩৬	৩৬	৩০	২৫	২০	১৫	৩৬	৩৬
		[৫.৪] সুষ্ঠুভাবে পাবলিক পরীক্ষা পরিচালনা	পাবলিক পরীক্ষার প্রশ্নপত্রের নিরাপত্তা নিশ্চিতকৃত	গড়	%	৩	১০০	১০০	১০০	৯০	৮০	৭০	৬০	১০০	১০০

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	গণনা পদ্ধতি (Calculation Method)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ (Target /Criteria Value for FY 2022-23)					প্রক্ষেপন (Projection) ২০২৩-২০২৪	প্রক্ষেপন (Projection) ২০২৪-২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
							২০২০-২১	২০২১-২২	১০০%	৯০ %	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
		[৫.৫] চাঞ্চল্যকর ও লোমহর্ষক ঘটনা অবহিতকরণ	সভা অনুষ্ঠান	সমষ্টি	সংখ্যা	২	০৪	০৬	০৬	০৫	০৪	০৩	০২	০৬	০৬
			২৪ ঘণ্টার মধ্যে প্রতিবেদন পেশকৃত	গড়	%	১	১০০	১০০	১০০	৯০	৮০	৭০	৬০	১০০	১০০
		[৫.৬] পাক্ষিক গোপনীয় প্রতিবেদন প্রেরণ	প্রেরিত প্রতিবেদন	গড়	%	১	১০০	১০০	১০০	৯০	৮০	৭০	৬০	১০০	১০০
[৫] মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন ও শুদ্ধাচার চর্চা	১১	[৬.১] জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর আদর্শ ও চেতনায় জনগণকে উদ্বুদ্ধকরণ	আয়োজিত সভা	সমষ্টি	সংখ্যা	২	০৪	০৬	০৬	০৫	০৪	০৩	০২	০৬	০৮
		[৬.২] জাতীয় দিবসে বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা	আয়োজিত সভা	সমষ্টি	সংখ্যা	২	০২	০২	০২	০১	--	--	--	২	২
		[৬.৩] সকল শিক্ষা প্রতিষ্ঠান ও ইউনিয়ন পরিষদে মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপন	মুক্তিযুদ্ধ কর্ণার	গড়	%	২	১০০	১০০	১০০	৯০	৮০	৭০	৬০	১০০	১০০
		[৬.৪] জণসাধারণের জন্য হেল্পডেস্ক ও 'ওয়েটিং রুম' স্থাপন	আসন	সমষ্টি	সংখ্যা	২	০	১	১	--	--	--	--	--	--

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	গণনা পদ্ধতি (Calculation Method)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ (Target /Criteria Value for FY 2022-23)					প্রক্ষেপন (Projection) ২০২৩-২০২৪	প্রক্ষেপন (Projection) ২০২৪-২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
							২০২০-২১	২০২১-২২	১০০%	৯০ %	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
		[৬.৫] অনলাইন ও সরাসরি প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তিকরণ	আয়োজিত সভা সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার	গড়	%	৩	৭০	৮০	৮০	৭০	৬০	৫০	৪০	৮৫	৯০
[৬] জন্ম নিবন্ধন কার্যক্রম জোরদারকরণ	২	[১.১] জন্ম নিবন্ধন সম্পন্নকরণ	[১.১.১] উপজেলায় জন্মের ১ বছরের মধ্যে জন্ম নিবন্ধনের হার	-	%	২	৮০	১০০	১০০	৯০	৮০	৭০	৬৫	১০০	১০০
[৭] মৃত্যু নিবন্ধন কার্যক্রম জোরদারকরণ	১	[২.১] মৃত্যু নিবন্ধন সম্পন্নকরণ	[২.১.১] উপজেলায় মৃত্যুর ১ বছরের মধ্যে মৃত্যু নিবন্ধনের হার	-	%	১	৮০	৮৫	৮৫	৮০	৭০	৬০	৫০	৯০	১০০

আমি উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, গাজীপুর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গাজীপুর জেলার জেলা প্রশাসক এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি জেলা প্রশাসক, গাজীপুর, উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, গাজীপুর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২৬ জুন ২০২২

মোঃ তরিকুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীপুর, গাজীপুর।

তারিখ

২৬ জুন ২০২২

আনিসুর রহমান
জেলা প্রশাসক
গাজীপুর।

তারিখ

সংযোজনী-১

শব্দসংক্ষেপ (Acronyms)

ক্রমিক নং	শব্দ সংক্ষেপ	বিবরণ
1.	পিআরএল	পোস্ট রিটায়ারমেন্ট লিভ
2.	সিএ	কনফিডেনশিয়াল অ্যাসিসটেন্ট
3.	ভিভিআইপি	ভেরি ভেরি ইমপর্টেন্ট পারসন
4.	এস এফ	স্ট্যাটমেন্ট অব ফ্যাক্ট
5.	সায়রাত মহাল	জলমহাল, হাট-বাজার, বালুমহাল, পাথরমহাল ইত্যাদি
6.	ভিজিএফ	ভালনারেবল গ্রুপ ফিডিং
7.	ভিজিডি	ভালনারেবল গ্রুপ ডেভলাপমেন্ট
8.	আইসিটি	ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি
9.	জিআর	গ্রেটিসাস রিলিফ
10.	এনজিও	নন গর্ভনমেন্টাল অরগানাইজেশন
11.	বিসিএস	বাংলাদেশ সিভিল সার্ভিস
12.	সিডিআই (CDI)	কোঅর্ডিনেটেড ডেভলাপমেন্ট ইনিশিয়েটিভ

সংযোজনী-২

কর্মসম্পাদন সূচকসমূহ বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

ক্রঃ নং	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	কার্যক্রমের বিবরণ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	প্রদত্ত প্রমাণক	প্রমাণকের উপাত্ত সূত্র
১	উপজেলা মাসিক সভা অনুষ্ঠান	অনুষ্ঠিত সভা	উপজেলা পর্যায়ে নিয়মিত মাসিক সভা অনুষ্ঠান	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, গাজীপুর	হাজিরা	সভার কার্যবিবরণী
২	উপজেলা মাসিক সভার সিদ্ধান্ত বাস্তাবায়ন	সিদ্ধান্ত বাস্তবায়িত	সংশ্লিষ্ট দপ্তরসমূহ	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, গাজীপুর	বাস্তবায়ন অগ্রগতি	সভার কার্যবিবরণী
৩	উপজেলা বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম দর্শন ও পরিদর্শন	পরিদর্শনকৃত প্রকল্প	প্রমাপ অনুযায়ী	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, গাজীপুর	পরিদর্শন বহিতে লিপিবদ্ধকরণ	পরিদর্শন প্রতিবেদন
৪	উপজেলার ৮টি ইউনিয়ন পরিষদে উন্মুক্ত বাজেট সভা	অনুষ্ঠিত সভা	নিয়মিত সভা অনুষ্ঠান	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, গাজীপুর	হাজিরা	সভার কার্যবিবরণী
৫	ইউনিয়ন স্ট্যান্ডিং কমিটির সভা	অনুষ্ঠিত সভা	উপজেলা পর্যায়ে নিয়মিত মাসিক সভা অনুষ্ঠান	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, গাজীপুর	হাজিরা	সভার কার্যবিবরণী
৬	নির্ধারিত সময়ে বিভিন্ন রিপোর্ট রিটার্ন প্রেরণ	প্রেরণকৃত রিপোর্ট	নির্ধারিত সময়ে রিপোর্ট তৈরী ও প্রেরণ	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, গাজীপুর	সার্ভিস রিটার্ন (এসআর)	জেলা থেকে প্রাপ্ত প্রতিবেদনের আলোকে
৭	উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা	অনুষ্ঠিত সভা	উপজেলা পর্যায়ে নিয়মিত মাসিক সভা অনুষ্ঠান	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, গাজীপুর	হাজিরা	সভার কার্যবিবরণী
৮	মোবাইল কোর্ট পরিচালনা	মোবাইল কোর্ট অভিযানের সংখ্যা	মোবাইল কোর্ট অভিযানের সংখ্যা	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, গাজীপুর	বাস্তবায়ন	প্রতিবেদন
৯	গ্রাম আদালতের কার্যক্রম দর্শন ও পরিদর্শন	পরিদর্শনকৃত গ্রাম আদালতের সংখ্যা	পরিদর্শনকৃত গ্রাম আদালতের সংখ্যা	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, গাজীপুর	প্রতিবেদন	প্রতিবেদন
১০	উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা	অনুষ্ঠিত সভা	উপজেলা পর্যায়ে নিয়মিত মাসিক সভা অনুষ্ঠান	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, গাজীপুর	হাজিরা	সভার কার্যবিবরণী
১১	কম্পিউটার ক্লাব প্রতিষ্ঠার মাধ্যমে শিক্ষকদের দক্ষতা বৃদ্ধি	প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক	আয়োজিত প্রশিক্ষণ	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, গাজীপুর	হাজিরা	প্রতিবেদন
১২	শিক্ষা প্রতিষ্ঠান দর্শন ও পরিদর্শন	পরিদর্শনকৃত শিক্ষা প্রতিষ্ঠান	প্রমাপ অনুযায়ী	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, গাজীপুর	পরিদর্শন বহিতে লিপিবদ্ধকরণ	পরিদর্শন প্রতিবেদন
১৩	শ্রেনীকক্ষে মাল্টিমিডিয়ার মাধ্যমে ক্লাস পরিচালনায় শিক্ষকদের উদ্বুদ্ধকরণ সভা	উদ্বুদ্ধকরণ সভা	নিয়মিত সভা অনুষ্ঠান	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, গাজীপুর	হাজিরা	সভার কার্যবিবরণী
১৪	শিক্ষক/অভিভাবকদের সাথে মতবিনিময়	মতবিনিময়কৃত সভা	উপজেলা পর্যায়ে নিয়মিত সভা অনুষ্ঠান	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, গাজীপুর	হাজিরা	সভার কার্যবিবরণী

ক্রঃ নং	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	কার্যক্রমের বিবরণ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	প্রদত্ত প্রমাণক	প্রমাণকের উপাত্ত সূত্র
১৫	বাল্য বিবাহ রোধে অভিভাবকদের নিয়ে বিভিন্ন সভা/সেমিনার	বাল্য বিবাহ রোধে বিভিন্ন সভা/সেমিনার	উপজেলা পর্যায়ে নিয়মিত সভা অনুষ্ঠান	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, গাজীপুর	হাজিরা	সভার কার্যবিবরণী
১৬	বাল্য বিবাহ রোধে বিভিন্ন স্কুল কলেজে সভা ও সেমিনার	বাল্য বিবাহ রোধে স্কুল কলেজে সভা/সেমিনার	স্কুল কলেজে নিয়মিত সভা অনুষ্ঠান	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, গাজীপুর	হাজিরা	সভার কার্যবিবরণী
১৭	বাল্য বিবাহ রোধে ইমাম, পুরোহিতদের নিয়ে সচেতনতামূলক সভা/সেমিনার	বাল্য বিবাহ রোধে ইমাম, পুরোহিতদের নিয়ে সচেতনতামূলক সভা/সেমিনার	উপজেলা পর্যায়ে নিয়মিত মাসিক সভা অনুষ্ঠান	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, গাজীপুর	হাজিরা	সভার কার্যবিবরণী
১৮	সন্ত্রাস ও জঙ্গীবাদ প্রতিরোধে ইমাম পুরোহিতদের নিয়ে সমাবেশ	সন্ত্রাস ও জঙ্গীবাদ প্রতিরোধে বিভিন্ন সভা সমাবেশ	উপজেলা পর্যায়ে নিয়মিত মাসিক সভা অনুষ্ঠান	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, গাজীপুর	হাজিরা	সভার কার্যবিবরণী
১৯	মাসিক ইনোভেশন ও আইসিটি সভা	মাসিক সভা	উপজেলা পর্যায়ে নিয়মিত মাসিক সভা অনুষ্ঠান	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, গাজীপুর	হাজিরা	সভার কার্যবিবরণী
২০	কম্পিউটার ল্যাব ব্যবহারের মাধ্যমে কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি	প্রশিক্ষণের আয়োজন	প্রশিক্ষণ দান	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, গাজীপুর	উপস্থিতি যাচাই	প্রশিক্ষণে হাজিরা
২১	উপজেলা ডিজিটাল সেন্টারের মাধ্যমে সেবা প্রদান	সেবাগ্রহিতাদের নাম রেজিষ্টারে অর্ন্তভূক্তি	প্রশিক্ষণ	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, গাজীপুর	রেজিষ্টার যাচাই	রেজিষ্টার যাচাই
২২	ফেইসবুক এর মাধ্যমে জনসেবা প্রদান	প্রদানকৃত সেবা	অনলাইনে প্রদানকৃত সেবা	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, গাজীপুর	নিয়মিত তথ্য আপলোড	আপলোডকৃত তথ্য যাচাই
২৩	উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা	সভা	উপজেলা পর্যায়ে নিয়মিত মাসিক সভা অনুষ্ঠান	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, গাজীপুর	হাজিরা	সভার কার্যবিবরণী
২৪	বৃক্ষরোপনের মাধ্যমে পরিবেশ সংরক্ষণ	চারা রোপন	চারা রোপন	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, গাজীপুর	-	প্রতিবেদন
২৫	উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি সম্পর্কিত সিদ্ধান্ত বাস্তবায়ন	সিদ্ধান্ত বাস্তবায়িত	সিদ্ধান্ত বাস্তবায়িত	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, গাজীপুর	বাস্তবায়ন অগ্রগতি	সভার কার্যবিবরণী
২৬	বৃক্ষ মেলায় ছাত্র/ছাত্রীদের মধ্যে গাছের চারা বিতরণ	গাছের চারা বিতরণ	গাছের চারা বিতরণ	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, গাজীপুর	বাস্তবায়ন অগ্রগতি	সভার কার্যবিবরণী

সংযোজনীঃ- ৩

অন্য দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

প্রতিষ্ঠানের ধরণ	প্রতিষ্ঠানের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/ প্রত্যাশা	চাহিদা প্রত্যাশার /যৌক্তিকতা	প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব
মাঠ প্রশাসন	থানা	আইন শৃঙ্খলা রক্ষা	উন্নত আইন শৃঙ্খলা পরিস্থিতি	পুলিশি সহায়তা	আইন শৃঙ্খলা রক্ষা ও মোবাইল কোর্ট পরিচালনায় পুলিশি সহায়তা অপরিহার্য	পুলিশি সহায়তা না পাওয়া গেলে আইন শৃঙ্খলা রক্ষা ও মোবাইল কোর্ট পরিচালনা ব্যাহত হবে এবং জনশৃঙ্খলা বিঘ্নিত হবে।
	উপজেলা প্রশাসন	অফিস ভবন ও রক্ষণাবেক্ষণ	গুনগত মানে উন্নীত অফিস এবং কর্মসহায়ক পরিবেশ	অফিস ভবন এবং রক্ষণাবেক্ষণে সহযোগিতা	রক্ষণাবেক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত বিভাগ	অফিস ভবন সংস্কার এবং রক্ষনাবেক্ষণে সহযোগিতা পাওয়া গেলে অফিসের কর্মপরিবেশ বিঘ্নিত হবে না এবং ভিআইপিদের প্রত্যাশিত মানের সেবা ও আতিথ্য প্রদান করা সম্ভব হবেনা।
	উপজেলা সমাজসেবা অধিদপ্তর	সামাজিক নিরাপত্তা কার্যক্রম	সম্পাদিত বিভিন্ন সামাজিক নিরাপত্তা কার্যক্রম	সামাজিক নিরাপত্তা বেষ্টনী বাস্তবায়নে সহযোগিতা	সামাজিক নিরাপত্তা বেষ্টনী বাস্তবায়নে সমাজসেবা অধিদপ্তরের বিভিন্ন উপকারভোগী নির্বাচন , তালিকাকরণ এবং তাদের অনুকূলে প্রত্যাশিত সেবা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত।	সামাজিক নিরাপত্তা বেষ্টনী বাস্তবায়নে সহযোগিতা না পাওয়া গেলে, সুবিধাভোগীরা সরকারি সেবা ও সহায়তা হতে বঞ্চিত হবে।
	আনসার ভিডিপি ও গ্রাম পুলিশ	জরুরী আইন শৃঙ্খলা রক্ষা এবং চোরাচালান নিরোধ	উন্নত জরুরী আইন শৃঙ্খলা পরিস্থিতি এবং চোরাচালান নিরোধ	আনসার ভিডিপি ও গ্রাম পুলিশ সহায়তা	জরুরী আইন শৃঙ্খলা রক্ষা এবং চোরাচালান নিরোধে বিজিবির সহায়তা অপরিহার্য	বিজিবির সহায়তা না পাওয়া গেলে জরুরী আইন শৃঙ্খলা রক্ষা এবং চোরাচালান নিরোধ ব্যাহত হবে।
মন্ত্রণালয়	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়	সামাজিক নিরাপত্তা প্রদান	কাবিখা/কাবিটা/টিআর/জিআর/ভিজিএফ বরাদ্দ	যথাসময়ে কাবিখা/কাবিটা/টিআর/ জিআর/ ভিজিএফ বরাদ্দ	সুচারুরুপে কার্যক্রম সম্পন্ন করতে যথাসময়ে বরাদ্দ প্রয়োজন	প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন দুরূহ হয়ে পড়বে।
	উপজেলা পরিষদ		সভা/ সেমিনার আয়োজিত, বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন	পর্যাপ্ত বরাদ্দ প্রয়োজন	প্রয়োজনীয় সংখ্যক সভা/সেমিনার আয়োজন	প্রয়োজনীয় সংখ্যক সভা/ সেমিনার আয়োজন করা সম্ভব হবে না।